



# NASIRULLAH

PSYCHOTHERAPY UNIT

---

## ক্লায়েন্টের অধিকারসমূহ

১. সকল ক্লায়েন্টের নিরাপদ ও **AvšÍwৱK** পরিবেশে উপযুক্ত শ্রদ্ধা ও মর্যাদার সাথে সাইকোথেরাপি পাবার অধিকার আছে।
২. প্রতিটি ক্লায়েন্টের অধিকার আছে এমন পরিবেশে সাইকোথেরাপি পাবার যেখানে তাদের গোপনীয়তা বজায় থাকবে ও ব্যক্তিগত সম্মান সুরক্ষিত থাকবে।
৩. প্রতিটি ক্লায়েন্টের জাতি, লিঙ্গ, ধর্ম, বর্ণ, নৃতাত্ত্বিক গোষ্ঠী, বয়স, অক্ষমতা ও প্রতিবন্ধিতা, আইনগত অবস্থা এবং সাইকোথেরাপি ফি দেবার ক্ষমতাকে বিবেচনা না করে তাদের বর্তমান অবস্থা ও প্রয়োজন অনুসারে সাইকোথেরাপি পাবার অধিকার আছে।
৪. ক্লায়েন্ট ও তার আত্মীয়সজনদের সাইকোথেরাপির প্রকৃতি, বিষয়বস্তু ও সামগ্রিক প্রক্রিয়া সম্পর্কে জানার অধিকার আছে।
৫. প্রতিটি ক্লায়েন্টের শারিরিক, মানসিক বা মৌখিক নির্যাতন বা অবজ্ঞা না পাবার অধিকার আছে।
৬. প্রতিটি ক্লায়েন্টের নিজের তথ্য গোপনীয়তার সাথে সংরক্ষণ করার অধিকার আছে।
৭. প্রতিটি ক্লায়েন্টের কোন ধরনের গবেষণায় বা চিকিৎসার পরীক্ষণে অংশগ্রহণ না করার অধিকার আছে। তবে ক্লায়েন্টের অনুমতি নিয়ে অংশগ্রহণ করানো যাবে। যদি কোন ক্লায়েন্ট গবেষণায় অংশগ্রহণে অনিচ্ছুক থাকে তাতে তার সাইকোথেরাপি সেবায় কোন প্রভাব পড়বে না।
৮. প্রতিটি ক্লায়েন্টের তাদের যে কোন অধিকার না পেলে বা কেউ লংঘন করলে তা নির্ভয়ে লিখিত বা মৌখিক আকারে অভিযোগ করার অধিকার আছে।